কোটচাঁদপুরে কৃষি অফিসার ও রিটেলারদের সাথে জামায়াতে মতবিনিময়

সারের সঠিক মুল্য নির্ধারণ সহ কৃষকদের বিভিন্ন সমস্যা নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা কৃষি অফিসার ও রিটেলারদের সাথে বাংলাদেশ জামায়াতে ইসলামীর নেতাদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বিকালে উপজেলা কৃষি অফিসারে কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্বে করেন উপজেলা কৃষি অফিসার রাজিবুল হাসান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতে ইসলামীর আমীর মোঃ আজিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতের সেক্রেটারি মোঃ শরিফুল ইসলাম, বলুহর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মোঃ শাহআলম, অতিরিক্ত কৃষি অফিসার এস এম নাজমুল সাকিব শাহীন, সাংবাদিক আব্দুল্লাহ বাশার, মঈন উদ্দিন খান প্রমুখ।

সে সময় রিটেলারদের সাথে কৃষি কাজে ব্যাবহারিত সকল সারের সঠিক মুল্য নির্ধারণ সহ বিভিন্ন বিষয় তুলে ধরে গুরুত্বপূর্ণ আলোচনা করেন অতিথিরা। এ সময় নানা শ্রেণী পেশার মানুষ সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় ফুলকপি চাষে ক্ষতিগ্রস্থ কৃষকের জমি পরিদর্শনে কৃষি অফিসার

দামুড়হুদা উপজেলার জয়রামপুরে ফুলকপি চাষে ক্ষতিগ্রস্থ কৃষকের ক্ষেত পরিদর্শন করলেন কৃষি অফিসার শারমিন আক্তার। গতকাল রোববার

বেলা ১২ টার দিকে তিনি সরজমিনে জয়রামপুর মাঠে গিয়ে পরিদর্শন করেন।

জানাগেছে দামুড়হুদা উপজেলার জয়রামপুরে কিরন ফুলকপি চাষে ক্ষতিগ্রস্থ হয় অসংখ্য কৃষক। এ বিষয়ে বিভিন্ন পত্রপত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। তারই ধারাবাহিকতায় উপজেলার জয়রামপুরের ভুক্তভোগী ২০ জন কৃষক ক্ষতিপূরণ চেয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বরাবর লিখিত অভিযোগ করেন। অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপরে তদন্তের ভার দেন। তারই প্রেক্ষিতে গতকাল রোববার দুপুরে উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার ক্ষতিগ্রস্ত ফুলকপি চাষীদের ক্ষেত সরজমিনে পরিদর্শন করেন এবং কৃষকদের সঙ্গে আলাপ আলোচনা করে তাদের খোঁজখবর নেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস সহ উপসহকারি কৃষি অফিসার ও ভুক্তভোগী কৃষকেরা।

এ সময় উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার বলেন, আমরা তদন্ত করতে গিয়েছিলাম। কৃষক নি:সন্দেহে ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে কারণ টা আমরা আরো বিস্তারিত সবকিছু পর্যবেক্ষণ করে পরে প্রতিবেদন আকারে মতামত দিব।

দামুড়হুদা কৃষি অফিসারের বিরুদ্ধে প্রান্তিক কৃষকদের সাংবাদিক সম্মেলন

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম দুর্নীতি ও মুখ চিনে সরকারি প্রণোদনা দেয়ার অভিযোগ তুলে বঞ্চিত প্রান্তীক কৃষকরা দামুড়হুদা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলন করেছে।

বুধবার দুপুর ১ টার সময় দামুড়হুদা প্রেসক্লাবে উপজেলার বিভিন্ন